

## টেলিক্রোপ

স্বাদ বদল

## সাত ভাই চম্পা



দর্শক পরিবারের সকলে মিলে উপভোগ করতে পারেন। সিরিয়ালে শাশুড়ি-বউমার ঝগড়ার দর্শকদের বাইরে গিয়ে দর্শকদের নতুন কিছু দেওয়ার চেষ্টা করা হয়েছে।

সাত ভাই চম্পার বোন 'পারুল' চরিত্রে অভিনয় করছেন প্রমিতা চক্রবর্তী। এর আগে 'অগ্নিপরীক্ষা' এবং 'বধুবরণ'-এ অভিনয় করেছেন প্রমিতা। তবে এই ধারাবাহিক নিয়ে তিনি উন্মত্ত। কারণ আসল জীবজন্তুর সঙ্গে অভিনয় করার অভিজ্ঞতাটা সত্যিই অন্যরকম।

রাজা মহেন্দ্র-র চরিত্রে এই ধারাবাহিকে দেখা যাচ্ছে বিশিষ্ট অভিনেতা সম্রাট মুখোপাধ্যায়কে। পারুলের বিপরীতে তার প্রেমিক রাজা রাঘবের চরিত্রে অভিনয় করছেন রুদ্রজিৎ মুখোপাধ্যায়। অতীতে 'অগ্নিজল' ও 'মা দুর্গা' মেগা ধারাবাহিকে অভিনয় করেছেন তিনি। এ ছাড়াও বিভিন্ন চরিত্রে অভিনয় করছেন

সোলাঙ্কি রায়, নয়না বন্দ্যোপাধ্যায়, সায়ন্তনী গুহঠাকুরতা, সুদীপ্তা বন্দ্যোপাধ্যায় প্রমুখ। মেগা ধারাবাহিকের চিত্রনাট্য অবশ্যই আর পাঁচটা মেগার থেকে আলাদা। সেই দায়িত্ব পালন করছেন জনপ্রিয় চিত্রনাট্যকার অনুজা।

এর আগে বড়পর্দার চলচ্চিত্র হিসেবে সাত ভাই চম্পা-র কাহিনি দর্শকদের সামনে এসেছে ১৯৬৮, ১৯৭৮ এবং ১৯৯৪-তে। ১৯০৭-এ 'ঠাকুরমার ঝুলি' তে প্রকাশ পায় 'সাত ভাই চম্পা'-র গল্প।

প্রতি সোম থেকে রবিবার রাত ৮টায় জি বাংলা চ্যানেলে এখন দেখা যাচ্ছে 'সাত ভাই চম্পা' ধারাবাহিকটি।

ডোডো রায়

বিদায়



আজকের প্রজন্ম যেমন সোশ্যাল নেটওয়ার্ক ছাড়া ভাবতেই পারে না। সে রকমই নয়ের দশকে তরুণ প্রজন্ম 'এম টিভি' এবং 'চ্যানেল ভি' ছাড়া ভাবতেই পারতেন না। সেই 'চ্যানেল ভি' এবার পাকাপাকিভাবে বন্ধ হয়ে যাচ্ছে। ইদানীং 'চ্যানেল ভি' নিয়ে স্টার ইন্ডিয়ায় একেবারে ব্যবসা হচ্ছে না। কোনও রোজগার আসছে না, তাই স্টার কর্তৃপক্ষ 'চ্যানেল ভি' বন্ধ করে দিচ্ছেন। পরিবর্তে খেলার নতুন একটি চ্যানেল আনতে চলেছেন স্টার কর্তৃপক্ষ। উল্লেখ্য, সম্প্রতি তারা আইপিএল-এর সম্প্রচার সত্ত্ব হাতে পেয়েছেন।

অভিযুক্ত



বড়পর্দার সাইনি আছজার মতোই ছোটপর্দার জনপ্রিয় তারকা পীযুষ সচদেবের বিরুদ্ধে উঠল ধর্ষণের অভিযোগ। এক উঠতি মডেলের অভিযোগের ভিত্তিতে মুম্বইয়ের ভারসোভা পুলিশ হেপাজতে নেয় এই তারকা শিল্পীকে। তদন্তকারী অফিসার কিরণ কামলে এই খবরের সত্যতা স্বীকার করে নিয়েছেন। গত ২০ নভেম্বর এফআইআর-এর পর বাড়ি থেকেই শ্রেফতার করা হয় পীযুষকে।

বিচ্ছেদ

প্রায় পনেরো বছর দাম্পত্যের পরেও টিভির নামি তারকা দম্পতি কিরণ কারমারকার এবং রিঙ্কু ধাওয়ানের সম্পর্কে ফাটল ধরেছে। বছর খানেক আগে থেকেই দুজনে আলাদা থাকছেন। তবে দু'জনেই গুরুত্ব দিচ্ছেন কিশোর পুত্র-র ভবিষ্যৎ। তাই এখনও আনুষ্ঠানিকভাবে ঘোষণা করেননি বিচ্ছেদের খবর। 'কাহানি ঘর ঘর কি' মেগা ধারাবাহিকে অভিনয়ের মধ্য দিয়েই দারুণ জনপ্রিয় হন কিরণ। রিঙ্কুও একাধিক স্মরণীয় চরিত্রে অভিনয় করেছেন, যার মধ্যে অন্যতম নয়ের দশকের 'স্বাভিমান' এবং 'হাম পাঁচ'।



পরিবর্তন

এবার ভোল বদল। মানে লুক চেঞ্জ, 'কোয়ালিটিকোর' তিন নম্বর সিজন প্রিয়াঙ্কা অভিনীত অ্যালেক্স প্যারিস চরিত্রকে এবার দেখা যাবে কিষ্টিং ছোট চুলে, তার জন্য চুল কেটেছেন 'দেশি গার্ল' মার্কিন টিভি সিরিজে ভারতের এই অভিনেত্রী ইতিমধ্যেই দারুণ জনপ্রিয়। প্রিয়াঙ্কা নিজেই টুইটারে ছবি পোস্ট করে নতুন লুক-এর ইঙ্গিত দিয়েছেন।

